# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা পরিদপ্তর
১৪/১৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ইস্পাহানি ভবন, ঢাকা-১০০০

স্মারক সংখ্যাঃ ডিএনএস/শা-৩/৪টি-১৮/ভর্তি-২০১৪-১৫/৮২৮৭ তারিখঃ ২৭/০৫/১৪২১ বঙ্গাব্দ / ১১/০৯/২০১৪খ্রিঃ

## ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে সেবা পরিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত ০৭ (সাত)টি সরকারি নার্সিং কলেজে ০৪ (চার) বছর মেয়াদী ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সের ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য আবেদন আহবান করা যাইতেছেঃ

| College Code | Name of Nursing College | Name of Course | Number of Seat |
|---|---|---|---|
| 32. | Dhaka Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 33. | Rajshahi Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 34. | Chittagong Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 35. | Mymensingh Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 36. | Rangpur Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 37. | Sylhet Nursing College | Bachelor Science in Nursing | 100 |
| 38. | Barisal Nursing College | Bachelor Science in Nursing | 100 |

১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হইতে হইবে।

২। যাহারা বিজ্ঞান বিভাগে জীববিদ্যায় পাসসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় ২০১২, ২০১৩ ও ২০১৪ পাস করিয়াছেন, তাহারাই কেবলমাত্র আবেদন করিতে পারিবেন।

৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৬.০০ থাকিতে হইবে। কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় GPA (Grade Point Average) ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।

৪। প্রার্থীকে অবিবাহিত ও সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

৫। ভর্তি পরীক্ষা ছাড়া এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন/ফলাফল তৈরি করা হইবে এবং নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করা হইবেঃ
ক) Total GPA (SSC+HSC) with additional খ) Total GPA (SSC+HSC) without additional গ) HSC GPA with additional ঘ) SSC GPA with additional ঙ) English (HSC) চ) Biology (HSC) ছ) Physics (HSC) জ) Chemistry (HSC) ঝ) HSC passing year ঞ) Age

৬। মুক্তিযোদ্ধা কোটার **(সন্তান, সন্তানদের সন্তান)** ১৪ (চৌদ্দটি) আসন সংরক্ষিত থাকিবে। এই সমস্ত প্রার্থীদের অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। এই সংরক্ষিত আসনগুলিতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৭। প্রথমে ১৪টি আসন মুক্তিযোদ্ধা কোটার জন্য সংরক্ষিত থাকিবে। অবশিষ্ট আসনের ৬০% জাতীয় মেধা কোটায় এবং ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হইবে। উল্লেখিত ০৭ (সাত)টি নার্সিং কলেজের মোট আসন সংখ্যার অনধিক ১০% আসন পুরুষ প্রার্থী কর্তৃক পুরণ করা হইবে। যুক্তিযুক্ত সংখ্যক মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হইবে এবং শূন্য আসনে মেধা ভিত্তিক ভর্তি করা হইবে।

৮। নির্বাচিত প্রার্থীর প্রাপ্ত মোট জিপিএ-এর ভিত্তিতে অর্জিত মেধাস্থান ও প্রার্থীর দেওয়া কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হইবার সুযোগ পাইবে তাহা নির্ধারণ করা হইবে।

৯। বর্ণিত কোর্সে ভর্তির জন্য আবেদনের নিয়মাবলীঃ বর্ণিত কোর্সে আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DNS (space) H (space) HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর (space) HSC পরীক্ষার রোল নম্বর (space) HSC পাসের সন (space) SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর (space) SSC পরীক্ষার রোল নম্বর (space) SSC পাসের সন (space) বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ০৭টি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে উল্লেখিত কোড (space) কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করতে হইবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কোন কী ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

**কোটার কী ওয়ার্ডঃ মুক্তিযোদ্ধার জন্য FF**

**শিক্ষাবোর্ডের কী ওয়ার্ডঃ** চট্টগ্রাম CHI, ঢাকা DHA, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD

উদাহরণঃ DNS H DHA 123456 2014 DHA 123458 2012 32, 34, 36, 35, 38, 37, 33 FF

উদাহরণটিতে দেখানো হইয়াছে যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করিয়াছে এবং সেবা পরিদপ্তরের আওতাধীন বিভিন্ন নার্সিং কলেজে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ভর্তির জন্য আবেদন করিয়াছে এবং সে ঢাকা বোর্ড থেকে HSC SSC যথাক্রমে ২০১৪ ও ২০১২ সালে পাস করিয়াছে। যেখানে রোল নম্বর ছিল যথাক্রমে ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং বর্ণিত কোর্সে ভর্তির জন্য তাহার পছন্দক্রম যথাক্রমে ঢাকা নার্সিং কলেজ, চট্টগ্রাম নার্সিং কলেজ, রংপুর নার্সিং কলেজ, ময়মনসিংহ নার্সিং কলেজ, বরিশাল নার্সিং কলেজ, সিলেট নার্সিং কলেজ, রাজশাহী নার্সিং কলেজ।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের জায়গায় OTH লিখে HSC Roll ও পাসের সাল লিখে উপরের নিয়মে SMS করিবেন। যেমন DNS H OTH 123456 2014 OTH 123458 2012 and send to 16222

উপরের ম্যাসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হইলে ফিরতি ম্যাসেজ-এ আবেদনকারীর নাম ও একটি পিন নম্বর জানাইয়া ভর্তি আবেদন ফি ৪৩০/- টাকা মাত্র কর্তনের সম্মতি চাওয়া হইবে। নিম্নে নিয়মানুযায়ী আবেদনকারীকে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাইতে হইবে। DNS (space) H (space) YES (space) PIN নম্বর (space) আবেদনকারীর মোবাইল নম্বর (যে কোন অপারেটরের) লিখে এসএমএস পাঠাইতে হইবে। পরবর্তী সময়ের জন্য পিন নম্বরটি অবশ্যই সংরক্ষণ করিতে হইবে।

উদাহরণঃ DNS H YES 654321 01XXXXXXXXX

এই উদাহরণের জায়গায় আবেদনকারীর নিজ পিন নম্বরটি এবং ০১XXXXXXXXX জায়গায় যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হইবে এই উদাহরণের 654321 এর জায়গায় আবেদনকারী নিজ নিজ পিন নম্বরটি এবং 01XXXXXXXXX এর জায়গায় যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হইবে।

উল্লেখ্য সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে সার্ভিস চার্জসহ আবেদনকারীর ভর্তি ফি বাবদ ৪৩০/- (চারশত ত্রিশ) টাকা মাত্র কেটে নেওয়া হইবে। অন্যথায় কোন ফি কাটা হইবে না। সম্মতি জানিয়ে আবেদন করিলে আবেদন আর প্রত্যাহার করা যাইবে না।

আবেদনকারী টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকিলে তাহা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়া একটি এসএমএস এর মাধ্যমে একটি User ID ও Password জানিয়ে দেওয়া হইবে।

**রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোডঃ**

প্রার্থীদের তালিকা ১২/১০/২০১৪ তারিখে সেবা পরিদপ্তরের ওয়েবসাইট (http://dnsd.teletalk.com.bd) ও এসএমএস এর মাধ্যমে জানানো হইবে। যোগ্য প্রার্থীদেরকে **রেজিস্ট্রেশন কার্ড** এর জন্য প্রথমে এক কপি পাসপোর্ট সাইজের (File size not more than 100 kb) রঙিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় উঠিয়ে ৩০০ X ৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেটে সেইভ করিতে হইবে। **রেজিস্ট্রেশন কার্ড** ডাউনলোড করিতে http://dnsd.teletalk.com.bd তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password ইনপুট দিতে হইবে। প্রদত্ত ইনপুট সঠিক হইলে নিজ নিজ জেলা সিলেক্ট করতে হবে এবং ফটো আপলোড করার অপশন পাওয়া যাইবে। ফটো আপলোড হইলে **রেজিস্ট্রেশন কার্ড** ডাউনলোড করে A4 সাইজ কাগজে প্রিন্ট করে নিতে হইবে। প্রিন্টকৃত কপি প্রার্থীর দস্তখত এর উপরে প্রার্থীকে স্বাক্ষর করে সংরক্ষণ করিতে হইবে।

৯। ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ
ক) শিক্ষা বোর্ড হইতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট;
খ) শিক্ষা বোর্ড হইতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল গ্রেডশিট;
গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি;
ঘ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাম্প্রতিক সময়ে ইস্যুকৃত সনদপত্র এবং ওয়ার্ড কমিশনার বা ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্ক এর প্রতিবেদন।

১০। অন্যান্য লক্ষণীয় বিষয়ঃ
ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই বাতিল হইয়া যাইবে।
খ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
গ) আবেদন করিতে গিয়ে কোন অসুবিধায় পড়িলে বর্ণিত ৭টি প্রতিষ্ঠানের যে কোনটিতে যোগাযোগ করা যাইতে পারে।

১১। কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি নিষেধঃ
ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করিতে পারিবে না, অন্যথায় প্রমাণ সাপেক্ষে কোর্স থেকে বহিস্কার করা হইবে;
খ) সিলেবাস/কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা, দিবা ও নৈশকালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল প্র্যাকটিস) প্রশিক্ষণে অংশগ্রহণ করিতে হইবে;
গ) কোর্সে থাকাকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (ষ্টাইপেন্ড) প্রদান করা হইবে।
ঘ) কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক প্রণীত বিধান ও নিজ নিজ প্রতিষ্ঠানের নিয়ম শৃংখলা যথাযথভাবে মানিয়া চলিতে হবে;
ঙ) পুরুষ প্রার্থীদিগকে নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করিতে হইবে;
চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না;
ছ) কোর্স শেষে চাকুরীর কোন নিশ্চয়তা দেওয়া হইবে না;
জ) ভর্তির পরে মাইগ্রেশন (অভিপ্রায়ন/বদলী) সম্পূর্ণভাবে বন্ধ থাকিবে।

১২। ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা সংশোধনে কমিটি ক্ষমতা রাখে।

১৩। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৪। **অন্যান্য তথ্যাদিঃ**

| | |
|---|---|
| ক) অনলাইনে আবেদন | ১৬/৯/২০১৪ থেকে ০৯/১০/২০১৪ তারিখ পর্যন্ত |
| খ) অনলাইনে **রেজিস্ট্রেশন কার্ড** সংগ্রহ | ১২/১০/২০১৪ থেকে ১৯/১০/২০১৪ তারিখ পর্যন্ত |
| গ) ফলাফল প্রকাশ | ০৪/১১/২০১৪খ্রিঃ |
| ঘ) মেধা তালিকা থেকে ভর্তি (নির্ধারিত প্রতিষ্ঠানে) | ১৩/১১/২০১৪ থেকে ২৩/১১/২০১৪ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) |
| ঙ) ১ম অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তি (নির্ধারিত প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা সাপেক্ষে) | ২৪/১১/২০১৪ থেকে ৩০/১১/২০১৪ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) |
| চ) ২য় অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তি (নির্ধারিত প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা সাপেক্ষে) | ০১/১২/২০১৪ থেকে ০৭/১২/২০১৪ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) |
| ছ) অরিয়েন্টেশন (ভর্তিকৃত প্রতিষ্ঠানে) | ০১/০১/২০১৫খ্রিঃ |
| জ) ক্লাশ শুরু | ০৩/০১/২০১৫খ্রিঃ |

১৫। এই বিজ্ঞপ্তি সেবা পরিদপ্তরের ওয়েবসাইট (www.dns.gov.bd) এ পাওয়া যাইবে।

**সুরাইয়া বেগম**
পরিচালক (ভারপ্রাপ্ত)
সেবা পরিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৫২১৮২

জিডি-৩৫১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, রমনা, ঢাকা-১০০০।
www.jscbd.org.bd

নং-জেএসসি/পনিদ/নিয়োগ-৯ম বিজেএস/২/২০১৪/২৬৮ তারিখ- ১৪/০৯/২০১৪ খ্রিঃ

**৯ম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৪**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রবেশ পদ অর্থাৎ সহকারী জজ পদে নিয়োগের লক্ষ্যে গত ১২/০৯/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৯ম বিজেএস পরীক্ষা, ২০১৪ এর প্রাথমিক পরীক্ষায় নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণ উত্তীর্ণ হয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হয়েছেন। লিখিত পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচী পরবর্তীতে দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটের মাধ্যমে প্রকাশ করা হবে।

**প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল (রোল নম্বরের ক্রমানুসারে)ঃ**

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০০০১ | ০০০২ | ০০০৪ | ০০০৫ | ০০০৬ | ০০০৭ | ০০১০ | ০০১২ | ০০১৩ | ০০১৪ | ০০১৫ | ০০১৭ | ০০১৮ |
| ০০১৯ | ০০২০ | ০০২১ | ০০২৩ | ০০২৫ | ০০২৬ | ০০২৮ | ০০৩০ | ০০৩২ | ০০৩৩ | ০০৩৪ | ০০৩৫ | ০০৩৬ |
| ০০৩৭ | ০০৩৯ | ০০৪২ | ০০৪৫ | ০০৪৬ | ০০৪৭ | ০০৪৯ | ০০৫০ | ০০৫২ | ০০৫৩ | ০০৫৬ | ০০৫৭ | ০০৫৮ |
| ০০৫৯ | ০০৬২ | ০০৬৩ | ০০৬৭ | ০০৬৮ | ০০৬৯ | ০০৭১ | ০০৭৩ | ০০৭৪ | ০০৭৫ | ০০৭৬ | ০০৭৭ | ০০৭৯ |
| ০০৮১ | ০০৮৩ | ০০৮৫ | ০০৮৬ | ০০৯০ | ০০৯১ | ০০৯২ | ০০৯৪ | ০০৯৫ | ০০৯৭ | ০১০৭ | ০১০৯ | ০১১০ |
| ০১১১ | ০১১৩ | ০১১৪ | ০১১৯ | ০১২০ | ০১২১ | ০১২২ | ০১২৩ | ০১২৪ | ০১২৫ | ০১২৬ | ০১২৭ | ০১৩১ |
| ০১৩৫ | ০১৩৭ | ০১৪১ | ০১৪২ | ০১৪৪ | ০১৪৫ | ০১৪৭ | ০১৪৯ | ০১৫০ | ০১৫২ | ০১৫৫ | ০১৫৬ | ০১৫৭ |
| ০১৫৮ | ০১৫৯ | ০১৬০ | ০১৬৩ | ০১৬৫ | ০১৬৬ | ০১৬৭ | ০১৭০ | ০১৭১ | ০১৭৪ | ০১৭৫ | ০১৭৬ | ০১৭৭ |
| ০১৮৩ | ০১৮৪ | ০১৮৬ | ০১৮৭ | ০১৮৮ | ০১৮৯ | ০১৯০ | ০১৯১ | ০১৯২ | ০১৯৩ | ০১৯৫ | ০১৯৬ | ০১৯৮ |
| ০২০৫ | ০২০৭ | ০২০৮ | ০২১০ | ০২১২ | ০২১৩ | ০২১৪ | ০২১৬ | ০২১৭ | ০২১৯ | ০২২০ | ০২২৩ | ০২২৪ |
| ০২২৫ | ০২২৭ | ০২২৮ | ০২৩১ | ০২৩২ | ০২৩৩ | ০২৩৫ | ০২৩৬ | ০২৩৭ | ০২৩৮ | ০২৩৯ | ০২৪০ | ০২৪১ |
| ০২৪৩ | ০২৪৭ | ০২৪৮ | ০২৪৯ | ০২৫০ | ০২৫১ | ০২৫৩ | ০২৫৬ | ০২৫৯ | ০২৬৪ | ০২৬৫ | ০২৬৮ | ০২৬৯ |
| ০২৭২ | ০২৭৪ | ০২৭৬ | ০২৭৭ | ০২৭৮ | ০২৭৯ | ০২৮১ | ০২৮২ | ০২৮৩ | ০২৮৪ | ০২৮৬ | ০২৮৭ | ০২৮৯ |
| ০২৯০ | ০২৯২ | ০২৯৩ | ০২৯৫ | ০২৯৮ | ০৩০১ | ০৩০৩ | ০৩০৫ | ০৩০৬ | ০৩০৭ | ০৩০৮ | ০৩০৯ | ০৩১০ |
| ০৩১১ | ০৩১২ | ০৩১৩ | ০৩১৪ | ০৩১৫ | ০৩১৬ | ০৩১৭ | ০৩১৮ | ০৩১৯ | ০৩২০ | ০৩২১ | ০৩২২ | ০৩২৪ |
| ০৩২৭ | ০৩৩০ | ০৩৩১ | ০৩৩৬ | ০৩৩৭ | ০৩৩৯ | ০৩৪০ | ০৩৪৫ | ০৩৪৭ | ০৩৪৮ | ০৩৪৯ | ০৩৫৩ | ০৩৫৫ |
| ০৩৫৬ | ০৩৫৯ | ০৩৬০ | ০৩৬১ | ০৩৬৫ | ০৩৬৭ | ০৩৬৮ | ০৩৭০ | ০৩৭২ | ০৩৭৬ | ০৩৭৭ | ০৩৭৮ | ০৩৭৯ |
| ০৩৮৩ | ০৩৮৫ | ০৩৮৬ | ০৩৮৭ | ০৩৮৮ | ০৩৮৯ | ০৩৯০ | ০৩৯২ | ০৩৯৩ | ০৩৯৫ | ০৩৯৬ | ০৩৯৮ | ০৪০১ |
| ০৪০৫ | ০৪১০ | ০৪১১ | ০৪১২ | ০৪১৭ | ০৪১৮ | ০৪১৯ | ০৪২০ | ০৪২১ | ০৪২২ | ০৪২৩ | ০৪২৫ | ০৪২৭ |
| ০৪২৯ | ০৪৩০ | ০৪৩১ | ০৪৩৩ | ০৪৩৪ | ০৪৩৫ | ০৪৩৬ | ০৪৪০ | ০৪৪১ | ০৪৪২ | ০৪৪৪ | ০৪৪৫ | ০৪৪৬ |
| ০৪৪৭ | ০৪৫১ | ০৪৫২ | ০৪৫৬ | ০৪৫৭ | ০৪৫৯ | ০৪৬০ | ০৪৬১ | ০৪৬২ | ০৪৬৩ | ০৪৬৫ | ০৪৬৬ | ০৪৬৭ |
| ০৪৭০ | ০৪৭২ | ০৪৭৩ | ০৪৭৫ | ০৪৭৭ | ০৪৮২ | ০৪৮৬ | ০৪৮৮ | ০৪৯০ | ০৪৯২ | ০৪৯৩ | ০৪৯৮ | ০৪৯৯ |
| ০৫০১ | ০৫০২ | ০৫০৩ | ০৫০৭ | ০৫১০ | ০৫১১ | ০৫১২ | ০৫১৩ | ০৫১৮ | ০৫২৬ | ০৫২৭ | ০৫২৯ | ০৫৩০ |
| ০৫৩১ | ০৫৩৬ | ০৫৩৭ | ০৫৪০ | ০৫৪১ | ০৫৪২ | ০৫৪৪ | ০৫৪৫ | ০৫৪৬ | ০৫৫০ | ০৫৫২ | ০৫৫৩ | ০৫৫৪ |
| ০৫৫৫ | ০৫৫৬ | ০৫৫৭ | ০৫৬১ | ০৫৬৩ | ০৫৬৫ | ০৫৬৬ | ০৫৬৭ | ০৫৬৮ | ০৫৬৯ | ০৫৭১ | ০৫৭৩ | ০৫৭৪ |
| ০৫৭৫ | ০৫৮৩ | ০৫৮৪ | ০৫৮৫ | ০৫৮৬ | ০৫৮৭ | ০৫৮৮ | ০৫৮৯ | ০৫৯০ | ০৫৯১ | ০৫৯২ | ০৫৯৪ | ০৫৯৫ |
| ০৫৯৭ | ০৫৯৮ | ০৫৯৯ | ০৬০০ | ০৬০২ | ০৬০৫ | ০৬০৬ | ০৬০৭ | ০৬০৮ | ০৬১১ | ০৬১২ | ০৬১৩ | ০৬১৫ |
| ০৬১৮ | ০৬২২ | ০৬২৫ | ০৬২৭ | ০৬২৯ | ০৬৩০ | ০৬৩১ | ০৬৩২ | ০৬৩৬ | ০৬৪০ | ০৬৪১ | ০৬৪৩ | ০৬৪৪ |
| ০৬৪৬ | ০৬৪৭ | ০৬৪৮ | ০৬৪৯ | ০৬৫০ | ০৬৫৪ | ০৬৫৫ | ০৬৫৬ | ০৬৫৯ | ০৬৬০ | ০৬৬১ | ০৬৬২ | ০৬৬৪ |
| ০৬৬৯ | ০৬৭১ | ০৬৭২ | ০৬৭৩ | ০৬৭৫ | ০৬৭৮ | ০৬৮০ | ০৬৮২ | ০৬৮৬ | ০৬৮৮ | ০৬৮৯ | ০৬৯০ | ০৬৯২ |
| ০৬৯৩ | ০৬৯৪ | ০৬৯৫ | ০৬৯৮ | ০৬৯৯ | ০৭০০ | ০৭০১ | ০৭০৩ | ০৭০৭ | ০৭০৯ | ০৭১২ | ০৭১৬ | ০৭১৯ |
| ০৭২০ | ০৭২১ | ০৭২৪ | ০৭৩০ | ০৭৩৪ | ০৭৩৬ | ০৭৪১ | ০৭৪৫ | ০৭৪৬ | ০৭৪৯ | ০৭৫০ | ০৭৫২ | ০৭৫৬ |
| ০৭৫৭ | ০৭৫৯ | ০৭৬১ | ০৭৬৪ | ০৭৬৭ | ০৭৭০ | ০৭৭২ | ০৭৭৩ | ০৭৭৫ | ০৭৭৭ | ০৭৭৮ | ০৭৮২ | ০৭৮৪ |
| ০৭৮৫ | ০৭৮৭ | ০৭৮৯ | ০৭৯০ | ০৭৯৩ | ০৭৯৪ | ০৭৯৬ | ০৭৯৭ | ০৭৯৮ | ০৭৯৯ | ০৮০০ | ০৮০২ | ০৮০৪ |
| ০৮০৫ | ০৮০৬ | ০৮১০ | ০৮১২ | ০৮১৫ | ০৮১৯ | ০৮২০ | ০৮২১ | ০৮২৩ | ০৮২৭ | ০৮৩১ | ০৮৩৭ | ০৮৩৮ |
| ০৮৪০ | ০৮৪২ | ০৮৪৩ | ০৮৪৫ | ০৮৪৭ | ০৮৪৮ | ০৮৫০ | ০৮৫১ | ০৮৫২ | ০৮৫৪ | ০৮৫৯ | ০৮৬০ | ০৮৬১ |
| ০৮৬৪ | ০৮৬৫ | ০৮৬৬ | ০৮৬৭ | ০৮৬৮ | ০৮৭৬ | ০৮৭৭ | ০৮৭৮ | ০৮৭৯ | ০৮৮৫ | ০৮৮৭ | ০৮৮৮ | ০৮৯০ |
| ০৮৯২ | ০৮৯৪ | ০৮৯৫ | ০৮৯৬ | ০৮৯৭ | ০৮৯৮ | ০৯০০ | ০৯০১ | ০৯০৩ | ০৯০৫ | ০৯০৭ | ০৯০৯ | ০৯১১ |
| ০৯১৩ | ০৯১৪ | ০৯১৫ | ০৯১৮ | ০৯১৯ | ০৯২১ | ০৯২৬ | ০৯২৭ | ০৯৩০ | ০৯৩২ | ০৯৩৩ | ০৯৩৭ | ০৯৪১ |
| ০৯৪৩ | ০৯৪৪ | ০৯৪৬ | ০৯৪৭ | ০৯৪৮ | ০৯৪৯ | ০৯৫০ | ০৯৫১ | ০৯৫২ | ০৯৫৩ | ০৯৫৫ | ০৯৫৬ | ০৯৫৭ |
| ০৯৫৮ | ০৯৬১ | ০৯৬৩ | ০৯৬৪ | ০৯৬৫ | ০৯৬৮ | ০৯৬৯ | ০৯৭২ | ০৯৭৪ | ০৯৮০ | ০৯৮৫ | ০৯৮৬ | ০৯৯১ |
| ০৯৯৪ | ০৯৯৬ | ০৯৯৮ | ১০০০ | ১০০১ | ১০০২ | ১০০৮ | ১০১১ | ১০১৫ | ১০১৭ | ১০২৩ | ১০২৫ | ১০২৮ |
| ১০৩১ | ১০৩২ | ১০৩৩ | ১০৪০ | ১০৪৬ | ১০৪৭ | ১০৪৮ | ১০৪৯ | ১০৫২ | ১০৫৩ | ১০৫৪ | ১০৫৫ | ১০৫৬ |
| ১০৫৭ | ১০৬০ | ১০৬৫ | ১০৬৭ | ১০৭৪ | ১০৭৫ | ১০৭৯ | ১০৮১ | ১০৮২ | ১০৮৪ | ১০৮৭ | ১০৮৮ | ১০৯০ |
| ১০৯১ | ১০৯৯ | ১১০০ | ১১০২ | ১১০৪ | ১১০৬ | ১১০৭ | ১১১০ | ১১১১ | ১১২২ | ১১২৬ | ১১৩৭ | ১১৩৮ |
| ১১৪৩ | ১১৪৪ | ১১৪৫ | ১১৪৬ | ১১৪৮ | ১১৫০ | ১১৫২ | ১১৫৫ | ১১৫৬ | ১১৫৮ | ১১৫৯ | ১১৬০ | ১১৬১ |
| ১১৬৫ | ১১৬৬ | ১১৬৭ | ১১৬৮ | ১১৭৩ | ১১৭৫ | ১১৭৭ | ১১৭৮ | ১১৮০ | ১১৮১ | ১১৮৪ | ১১৮৭ | ১১৮৯ |
| ১২০০ | ১২০১ | ১২০২ | ১২০৩ | ১২০৫ | ১২০৬ | ১২০৭ | ১২০৮ | ১২০৯ | ১২১০ | ১২১৪ | ১২১৫ | ১২১৭ |
| ১২১৯ | ১২২০ | ১২২১ | ১২২২ | ১২৩৪ | ১২৩৭ | ১২৩৮ | ১২৪০ | ১২৪৭ | ১২৪৯ | ১২৫৮ | ১২৫৯ | ১২৬১ |
| ১২৬২ | ১২৬৮ | ১২৭০ | ১২৭১ | ১২৭২ | ১২৭৩ | ১২৭৫ | ১২৭৮ | ১২৭৯ | ১২৮১ | ১২৯০ | ১২৯৩ | ১২৯৯ |
| ১৩০৬ | ১৩১৪ | ১৩১৫ | ১৩১৮ | ১৩২১ | ১৩২২ | ১৩২৩ | ১৩২৪ | ১৩২৬ | ১৩২৭ | ১৩২৯ | ১৩৩৮ | ১৩৪১ |
| ১৩৪২ | ১৩৪৫ | ১৩৪৯ | ১৩৫৫ | ১৩৬২ | ১৩৬৫ | ১৩৬৯ | ১৩৭০ | ১৩৭১ | ১৩৭২ | ১৩৭৪ | ১৩৭৫ | ১৩৭৬ |
| ১৩৭৮ | ১৩৮০ | ১৩৮২ | ১৩৮৩ | ১৩৮৪ | ১৩৮৫ | ১৩৮৮ | ১৩৯০ | ১৩৯১ | ১৩৯৫ | ১৩৯৭ | ১৩৯৯ | ১৪০৯ |
| ১৪১২ | ১৪১৪ | ১৪১৬ | ১৪১৭ | ১৪২৩ | ১৪২৬ | ১৪২৭ | ১৪২৯ | ১৪৩০ | ১৪৩১ | ১৪৩২ | ১৪৩৪ | ১৪৩৬ |
| ১৪৩৭ | ১৪৩৮ | ১৪৪১ | ১৪৪৪ | ১৪৪৬ | ১৪৪৭ | ১৪৪৮ | ১৪৫০ | ১৪৫২ | ১৪৫৩ | ১৪৫৪ | ১৪৫৯ | ১৪৬০ |
| ১৪৬৪ | ১৪৬৫ | ১৪৬৭ | ১৪৬৮ | ১৪৭১ | ১৪৭২ | ১৪৭৩ | ১৪৭৫ | ১৪৭৮ | ১৪৮১ | ১৪৮২ | ১৪৮৪ | ১৪৮৫ |
| ১৪৮৬ | ১৪৮৭ | ১৪৯০ | ১৪৯১ | ১৪৯৩ | ১৪৯৪ | ১৪৯৬ | ১৪৯৭ | ১৪৯৯ | ১৫০১ | ১৫০২ | ১৫০৫ | ১৫০৮ |
| ১৫১১ | ১৫১২ | ১৫১৪ | ১৫১৫ | ১৫১৬ | ১৫২০ | ১৫২২ | ১৫২৫ | ১৫২৯ | ১৫৩১ | ১৫৩২ | ১৫৩৩ | ১৫৩৪ |
| ১৫৩৫ | ১৫৩৬ | ১৫৪৪ | ১৫৪৫ | ১৫৪৬ | ১৫৪৯ | ১৫৫০ | ১৫৫৪ | ১৫৫৬ | ১৫৫৭ | ১৫৬৫ | ১৫৬৭ | ১৫৬৮ |
| ১৫৭২ | ১৫৭৩ | ১৫৭৬ | ১৫৮৪ | ১৫৮৬ | ১৫৮৭ | ১৫৮৮ | ১৫৯০ | ১৫৯১ | ১৫৯২ | ১৫৯৪ | ১৫৯৭ | ১৬০১ |
| ১৬০২ | ১৬০৩ | ১৬০৫ | ১৬০৬ | ১৬০৭ | ১৬০৯ | ১৬১৪ | ১৬২২ | ১৬২৫ | ১৬২৭ | ১৬২৯ | ১৬৩০ | ১৬৩১ |
| ১৬৩৬ | ১৬৩৭ | ১৬৩৮ | ১৬৩৯ | ১৬৪১ | ১৬৪২ | ১৬৪৩ | ১৬৪৪ | ১৬৪৫ | ১৬৪৬ | ১৬৪৭ | ১৬৪৯ | ১৬৫৬ |
| ১৬৫৭ | ১৬৫৮ | ১৬৫৯ | ১৬৬০ | ১৬৬২ | ১৬৬৫ | ১৬৬৬ | ১৬৬৭ | ১৬৭২ | ১৬৭৬ | ১৬৭৭ | ১৬৮২ | ১৬৮৬ |
| ১৬৮৮ | ১৬৯৫ | ১৬৯৬ | ১৬৯৭ | ১৬৯৮ | ১৬৯৯ | ১৭০০ | ১৭০৩ | ১৭০৫ | ১৭১২ | ১৭১৩ | ১৭১৪ | ১৭১৫ |
| ১৭২০ | ১৭২১ | ১৭২২ | ১৭২৮ | ১৭৩০ | ১৭৩২ | ১৭৩৫ | ১৭৩৭ | ১৭৩৮ | ১৭৪৩ | ১৭৪৬ | ১৭৫৩ | ১৭৫৪ |
| ১৭৫৫ | ১৭৫৬ | ১৭৫৭ | ১৭৫৮ | ১৭৬০ | ১৭৬৫ | ১৭৬৬ | ১৭৬৭ | ১৭৬৮ | ১৭৭০ | ১৭৭৩ | ১৭৭৪ | ১৭৭৫ |
| ১৭৭৬ | ১৭৭৭ | ১৭৭৮ | ১৭৭৯ | ১৭৮০ | ১৭৮১ | ১৭৯১ | ১৭৯৭ | ১৮০৩ | ১৮০৮ | ১৮০৯ | ১৮১১ | ১৮১২ |
| ১৮১৩ | ১৮১৪ | ১৮১৫ | ১৮১৭ | ১৮২২ | ১৮২৭ | ১৮২৮ | ১৮৩০ | ১৮৩৮ | ১৮৪১ | ১৮৪৬ | ১৮৪৮ | ১৮৫১ |
| ১৮৫২ | ১৮৬৩ | ১৮৬৪ | ১৮৬৫ | ১৮৬৭ | ১৮৬৯ | ১৮৭০ | ১৮৭২ | ১৮৭৩ | ১৮৭৫ | ১৮৭৬ | ১৮৭৯ | ১৮৮০ |
| ১৮৮১ | ১৮৯৪ | ১৮৯৭ | ১৮৯৯ | ১৯০০ | ১৯০২ | ১৯০৩ | ১৯০৫ | ১৯০৭ | ১৯০৯ | ১৯১৬ | ১৯১৯ | ১৯২০ |
| ১৯২৩ | ১৯২৪ | ১৯২৬ | ১৯২৯ | ১৯৩০ | ১৯৩১ | ১৯৩৩ | ১৯৩৮ | ১৯৪৯ | ১৯৫২ | ১৯৬৬ | ১৯৬৯ | ১৯৭০ |
| ১৯৭৩ | ১৯৭৫ | ১৯৭৭ | ১৯৮১ | ১৯৮৩ | ১৯৮৪ | ১৯৮৭ | ১৯৯১ | ১৯৯৫ | ১৯৯৬ | ২০০১ | ২০০৩ | ২০০৫ |
| ২০১১ | ২০২৫ | ২০২৬ | ২০২৮ | ২০৩০ | ২০৩২ | ২০৩৬ | ২০৩৯ | ২০৪২ | ২০৪৩ | ২০৫৩ | ২০৫৪ | ২০৫৫ |
| ২০৬১ | ২০৭১ | ২০৭৫ | ২০৭৬ | ২০৭৮ | ২০৭৯ | ২০৮১ | ২০৮৩ | ২০৯৪ | ২০৯৯ | ২১০০ | ২১০১ | ২১০৭ |
| ২১০৯ | ২১১০ | ২১১৩ | ২১১৬ | ২১২৪ | ২১২৬ | ২১৩০ | ২১৩২ | ২১৩৩ | ২১৩৮ | ২১৪০ | ২১৪৩ | ২১৪৬ |
| ২১৪৭ | ২১৪৯ | ২১৫২ | ২১৫৫ | ২১৫৬ | ২১৫৭ | ২১৬০ | ২১৬৮ | ২১৬৯ | ২১৭১ | ২১৭২ | ২১৭৫ | ২১৭৬ |
| ২১৮০ | ২১৮৫ | ২১৮৭ | ২১৮৮ | ২১৯৩ | ২১৯৫ | ২২০২ | ২২০৪ | ২২০৫ | ২২০৬ | ২২০৯ | ২২১০ | ২২২৫ |
| ২২২৬ | ২২২৭ | ২২২৮ | ২২২৯ | ২২৩১ | ২২৩৬ | ২২৪০ | ২২৪৩ | ২২৪৮ | ২২৫০ | ২২৫৪ | ২২৫৫ | ২২৫৬ |
| ২২৫৭ | ২২৫৮ | ২২৫৯ | ২২৬২ | ২২৬৪ | ২২৬৮ | ২২৬৯ | ২২৭০ | ২২৭২ | ২২৭৩ | ২২৮১ | ২২৮৪ | ২২৮৫ |
| ২২৯২ | ২২৯৩ | ২২৯৫ | ২২৯৮ | ২৩০০ | ২৩০২ | ২৩০৪ | ২৩০৯ | ২৩১১ | ২৩১২ | ২৩১৩ | ২৩১৭ | ২৩১৮ |
| ২৩১৯ | ২৩২০ | ২৩২৭ | ২৩৩০ | ২৩৩৩ | ২৩৩৭ | ২৩৪৬ | ২৩৪৯ | ২৩৫০ | ২৩৫২ | ২৩৫৩ | ২৩৫৭ | ২৩৬১ |
| ২৩৬৪ | ২৩৬৮ | ২৩৬৯ | ২৩৭০ | ২৩৭১ | ২৩৭২ | ২৩৭৪ | ২৩৮১ | ২৩৮২ | ২৩৮৭ | ২৩৮৯ | ২৩৯১ | ২৩৯৫ |
| ২৩৯৬ | ২৩৯৭ | ২৩৯৮ | ২৩৯৯ | ২৪০১ | ২৪০৮ | ২৪১০ | ২৪১১ | ২৪১৩ | ২৪১৯ | ২৪২০ | ২৪২২ | ২৪২৫ |
| ২৪২৬ | ২৪২৭ | ২৪২৯ | ২৪৪২ | ২৪৪৭ | ২৪৪৯ | ২৪৫১ | ২৪৫২ | ২৪৫৩ | ২৪৬১ | ২৪৬৫ | ২৪৬৭ | ২৪৬৮ |
| ২৪৭১ | ২৪৭৩ | ২৪৭৫ | ২৪৭৮ | ২৪৮০ | ২৪৮২ | ২৪৮৪ | ২৪৮৫ | ২৪৯০ | ২৪৯২ | ২৪৯৩ | ২৪৯৫ | ২৪৯৬ |
| ২৪৯৯ | ২৫০৭ | ২৫১১ | ২৫১২ | ২৫১৩ | ২৫১৬ | ২৫২০ | ২৫২২ | ২৫২৪ | ২৫২৬ | ২৫২৭ | ২৫৩৪ | ২৫৩৫ |
| ২৫৩৬ | ২৫৪২ | ২৫৪৭ | ২৫৫২ | ২৫৫৩ | ২৫৫৪ | ২৫৫৫ | ২৫৭১ | ২৫৭৩ | ২৫৭৬ | ২৫৭৭ | ২৫৭৮ | ২৫৮০ |
| ২৫৮১ | ২৫৮৬ | ২৫৯০ | ২৫৯১ | ২৫৯৪ | ২৫৯৫ | ২৬০১ | ২৬০৪ | ২৬০৯ | ২৬১০ | ২৬১৭ | ২৬১৯ | ২৬২০ |
| ২৬২৩ | ২৬২৫ | ২৬২৮ | ২৬২৯ | ২৬৩০ | ২৬৩৭ | ২৬৪০ | ২৬৪১ | ২৬৪২ | ২৬৪৩ | ২৬৪৯ | ২৬৫১ | ২৬৫৫ |
| ২৬৫৭ | ২৬৫৮ | ২৬৬০ | ২৬৬২ | ২৬৬৭ | ২৬৭১ | ২৬৭৩ | ২৬৭৬ | ২৬৭৭ | ২৬৭৯ | ২৬৮১ | ২৬৮৩ | ২৬৮৪ |
| ২৬৮৬ | ২৬৮৮ | ২৬৮৯ | ২৬৯২ | ২৬৯৫ | ২৬৯৬ | ২৬৯৭ | ২৭০৯ | ২৭১২ | ২৭১৫ | ২৭১৭ | ২৭২১ | ২৭২২ |
| ২৭৩০ | ২৭৩২ | ২৭৩৪ | ২৭৩৫ | ২৭৩৬ | ২৭৩৭ | ২৭৩৮ | ২৭৪৩ | ২৭৪৪ | ২৭৫২ | ২৭৫৩ | ২৭৫৫ | ২৭৫৬ |
| ২৭৫৮ | ২৭৬৪ | ২৭৬৭ | ২৭৬৯ | ২৭৭০ | ২৭৭২ | ২৭৭৩ | ২৭৭৭ | ২৭৭৯ | ২৭৮২ | ২৭৯১ | ২৭৯২ | ২৭৯৪ |
| ২৭৯৬ | ২৭৯৯ | ২৮০৩ | ২৮১২ | ২৮২২ | ২৮২৫ | ২৮৩০ | ২৮৩৪ | ২৮৩৭ | ২৮৪১ | ২৮৪৬ | ২৮৪৭ | ২৮৪৯ |
| ২৮৫১ | ২৮৫৩ | ২৮৫৪ | ২৮৫৭ | ২৮৫৮ | ২৮৬০ | ২৮৬৩ | ২৮৬৮ | ২৮৭৪ | ২৮৭৭ | ২৮৭৮ | ২৮৭৯ | ২৮৮১ |
| ২৮৮৫ | ২৮৯২ | ২৯০২ | ২৯০৪ | ২৯০৫ | ২৯০৭ | ২৯১০ | ২৯১৫ | ২৯১৭ | ২৯১৮ | ২৯২০ | ২৯২৮ | ২৯২৯ |
| ২৯৩০ | ২৯৩১ | ২৯৩২ | ২৯৩৩ | ২৯৩৬ | ২৯৪৩ | ২৯৪৫ | ২৯৪৭ | ২৯৪৮ | ২৯৫৫ | ২৯৫৬ | ২৯৫৯ | ২৯৬২ |
| ২৯৬৪ | ২৯৬৯ | ২৯৭১ | ২৯৭২ | ২৯৭৭ | ২৯৮৩ | ২৯৮৫ | ২৯৮৬ | ২৯৮৭ | ২৯৮৯ | ২৯৯৩ | ২৯৯৭ | ২৯৯৮ |
| ৩০০২ | ৩০০৯ | ৩০১১ | ৩০১৪ | ৩০১৫ | ৩০১৬ | ৩০১৭ | ৩০২১ | ৩০২৩ | ৩০২৭ | ৩০৩২ | ৩০৩৩ | ৩০৩৫ |
| ৩০৩৬ | ৩০৪০ | ৩০৪৯ | ৩০৫০ | ৩০৫২ | ৩০৫৮ | ৩০৫৯ | ৩০৬৮ | ৩০৬৯ | ৩০৭০ | ৩০৭৬ | ৩০৭৭ | ৩০৭৮ |
| ৩০৮০ | ৩০৮৬ | ৩০৮৯ | ৩০৯০ | ৩০৯১ | ৩০৯৫ | ৩১০৩ | ৩১০৫ | ৩১১১ | ৩১১২ | ৩১১৪ | ৩১১৭ | ৩১১৮ |
| ৩১১৯ | ৩১২১ | ৩১২২ | ৩১২৭ | ৩১২৮ | ৩১২৯ | ৩১৩০ | ৩১৩১ | ৩১৩৮ | ৩১৪৩ | ৩১৪৫ | ৩১৪৯ | ৩১৫২ |
| ৩১৫৩ | ৩১৫৪ | ৩১৫৫ | ৩১৫৮ | ৩১৬১ | ৩১৬৫ | ৩১৬৮ | ৩১৭০ | ৩১৭৩ | ৩১৭৮ | ৩১৭৯ | ৩১৮০ | ৩১৮১ |
| ৩১৮২ | ৩১৮৩ | ৩১৮৬ | ৩১৯০ | ৩১৯২ | ৩১৯৩ | ৩১৯৬ | ৩১৯৭ | ৩১৯৮ | ৩১৯৯ | ৩২০০ | ৩২০১ | ৩২০২ |
| ৩২০৫ | ৩২০৭ | ৩২০৯ | ৩২১৬ | ৩২১৮ | ৩২১৯ | ৩২২৭ | ৩২২৮ | ৩২২৯ | ৩২৩২ | ৩২৩৩ | ৩২৩৮ | ৩২৩৯ |
| ৩২৪৩ | ৩২৪৪ | ৩২৪৯ | ৩২৫১ | ৩২৬২ | ৩২৬৩ | ৩২৬৭ | ৩২৬৯ | ৩২৭৩ | ৩২৭৪ | ৩২৭৬ | ৩২৭৯ | ৩২৮১ |
| ৩২৮৫ | ৩২৮৭ | ৩২৯১ | ৩২৯২ | ৩৩০১ | ৩৩০২ | ৩৩০৫ | ৩৩০৬ | ৩৩০৮ | ৩৩০৯ | ৩৩১০ | ৩৩১১ | ৩৩১২ |
| ৩৩১৩ | ৩৩১৪ | ৩৩১৫ | ৩৩১৭ | ৩৩২০ | ৩৩২২ | ৩৩২৫ | ৩৩২৯ | ৩৩৩১ | ৩৩৩২ | ৩৩৩৪ | ৩৩৩৬ | ৩৩৩৮ |
| ৩৩৩৯ | ৩৩৪১ | ৩৩৪২ | ৩৩৪৫ | ৩৩৪৬ | ৩৩৫০ | ৩৩৫১ | ৩৩৫২ | ৩৩৫৪ | ৩৩৫৬ | ৩৩৫৭ | ৩৩৫৯ | ৩৩৬১ |
| ৩৩৬৯ | ৩৩৭০ | ৩৩৭১ | ৩৩৭৫ | ৩৩৭৭ | ৩৩৮২ | ৩৩৮৬ | ৩৩৮৭ | ৩৩৮৮ | ৩৩৯১ | ৩৩৯৩ | ৩৩৯৪ | ৩৩৯৭ |
| ৩৪০০ | ৩৪০১ | ৩৪০২ | ৩৪০৭ | ৩৪১০ | ৩৪১১ | ৩৪১২ | ৩৪১৩ | ৩৪১৯ | ৩৪২০ | ৩৪২২ | ৩৪২৬ | ৩৪২৯ |
| ৩৪৩০ | ৩৪৩১ | ৩৪৩৩ | ৩৪৩৭ | ৩৪৩৮ | ৩৪৪০ | ৩৪৪১ | ৩৪৪২ | ৩৪৪৬ | ৩৪৪৭ | ৩৪৪৮ | ৩৪৫৩ | ৩৪৫৪ |
| ৩৪৫৫ | ৩৪৫৭ | ৩৪৫৮ | ৩৪৬১ | ৩৪৬২ | ৩৪৬৪ | ৩৪৬৫ | ৩৪৯০ | ৩৪৯৮ | ৩৫০১ | ৩৫০২ | ৩৫১৯ | ৩৫২৪ |
| ৩৫৩৩ | ৩৫৪৫ | ৩৫৪৭ | ৩৫৪৮ | ৩৫৪৯ | ৩৫৫৩ | ৩৫৫৯ | ৩৫৬০ | ৩৫৬২ | ৩৫৬৫ | ৩৫৭১ | ৩৫৭৪ | ৩৫৮৯ |
| ৩৫৯১ | ৩৬০৯ | ৩৬১০ | ৩৬২১ | ৩৬২৪ | ৩৬২৫ | ৩৬৩৪ | ৩৬৪০ | ৩৬৫২ | ৩৬৫৮ | ৩৬৬২ | ৩৬৬৫ | ৩৬৭৪ |
| ৩৬৯০ | মোট ১৪৯৬ (এক হাজার চারশত ছিয়ানব্বই) জন। | | | | | | | | | | | |

বিঃ দ্রঃ এই বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েব সাইটেও (www.jscbd.org.bd) দেখা যাবে।

আদেশক্রমে
১৪/৯/১৪
(সৈয়দ জাহেদ মনসুর)
পরীক্ষা নিয়ন্ত্রক।

GD-3523